

বিশেষ অনুশীলন/দশম শ্রেণি/বিষয়-ইসলাম ও নৈতিক শিক্ষা/ মান- ৫০

উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও।

১) x ও y দুই ইউনিয়নের দুইজন চেয়ারম্যান। তারা করোনা ভাইরাসের আক্রমণের সময় সরকার প্রদত্ত ট্রানের চাল দরিদ্রদের না দিয়ে নিজে আত্মসাদ করে। তারা প্রভাবশালী হওয়ায় কেউ প্রতিবাদ করার সাহশ পায় নাই। কিন্তু মসজিদের ইমাম সাহেব বলেন-ট্রানের চাল দরিদ্রদের প্রাপ্য। এটি আত্মসাদকারী পরকালে চির শাস্তির স্থানে পতিত হবে।

ক) মিয়ান কী? ১ খ) আল-কুর'আন কে 'আল বুরহান' কেন বলা হয়েছে? বুঝিয়ে লিখ। ২

গ) কোন বিশ্বাসের অভাবে চেয়ারম্যানদ্বয় এমন আচরণ করতে সক্ষম হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) ইমাম সাহেব চির শাস্তির স্থান বলতে কী বোঝিয়েছেন? উদ্দীপকের আলোকে সেখানকার বাসিন্দাদের অবস্থা বিশ্লেষণ কর। ৪

২) জনাব'আ' একজন দায়ী ইলাল্লাহ। তিনি এক তাফসির মাহফিলে আল কুর'আনকে মহাবিশ্বের মহাবিশ্বয় গ্রন্থ উল্লেখ করে এটির বিশুদ্ধ তিলাওয়াত শেখার প্রয়োজনীয়তা ও ফযিলত আলোচনা করে একটি সুরার তাফসির করলেন। সুরাটিতে কয়েকটি জিনিসের শপথের কারন ব্যাখ্যা করে মানুষের সর্বশ্রেষ্ঠ হওয়ার এবং সর্বনিকৃষ্ট হওয়ার কারণ বিশ্লেষণ করলেন।

ক) শরিয়ত কী? ১ খ) হারাম মানবজীবনে কী প্রভাব বিস্তার করে? ব্যাখ্যা কর। ২

গ) সুরার তাফসিরের পূর্বে জনাব'আ' কিসের আলোচনা করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) জনাব 'আ' তোমার পাঠ্যপুস্তকের কোন সুরার তাফসির করেছেন? সুরাটি চিহ্নিত করে বিশ্লেষণ কর। ৪

সঠিক উত্তরটি লিখ।

১) জান্নাতের পঞ্চম স্তরের নাম ক) দারুস সালাম খ) দারুল মাকাম গ) জান্নাতুল মাওয়া ঘ) জান্নাতুল আদন

২) জাহান্নামের ষষ্ঠ স্তরের নাম ক) জাহিম খ) সাখার গ) সাইর ঘ) হতামা

৩) মাযরায়াতুন-অর্থ কী? ক) শস্যভান্ডার খ) শস্যক্ষেত্র গ) শস্যরমালিক ঘ) শস্য প্রদান

৪) কোনটি পরকালের মহাসাফল্য? ক) জান্নাত লাভ খ) শূপারিশ প্রাপ্তি গ) আমলনামা প্রাপ্তি ঘ) সঠিক বিচারপ্রাপ্তি

৫) কয় শ্রেণির লোক আল্লাহর আরাশের ছায়ায় স্থান পাবেন? ক) চার খ) পাঁচ গ) ছয় ঘ) সাত

৬) প্রত্যেক প্রণীকেই মৃত্যুর স্মাদ গ্রহন করতে হবে। কোন সুরার আয়াত?

ক) সুরা আল বাকারা খ) সুরা আল ইমরান গ) সুরা আন নিসা ঘ) সুরা আল আরাফ

৭) কবরের জীবনের আরেক নাম কী? ক) আল বা'ছু খ) বারযাখ গ) মারযাহ ঘ) হিসবান

৮) আমি এই কিতাবে কোনো কিছুই বাদ দেই নি। কোন সুরার আয়াত?

ক) আনফাল খ) আন'আম গ) আরাফ ঘ) আহযাব

৯) আল মাওয়িয়া-অর্থ কী? ক) প্রজ্ঞা খ) মহিমাষিত গ) পথনির্দেশ ঘ) সদুপদেশ

১০) আল কুর'আনে রুকু সংখ্যা কত? ক) ৫৪০ খ) ৫৪৮ গ) ৫৫৮ ঘ) ৫৬০

১১) নিশ্চয়ই আল্লাহর নিকট ইসলামই একমাত্র মনোনীত জীবনব্যবস্থা। কোন সুরার আয়াত?

ক) আল ইমরান খ) আল আহযাব গ) আল আশিয়া ঘ) আল বুরুজ

১২) কুদসি-অর্থ কী? ক) পবিত্র খ) প্রসিদ্ধ গ) প্রধান ঘ) প্রচার

১৩) কোন সুরায় ইসলামকে পরিপূর্ণ দ্বীন ঘোষণা দেওয়া হয়েছে?

ক) আল মায়িদা খ) আল ইমরান গ) আল আহযাব ঘ) আল আশ্বিয়া

১৪) প্রথম অবতীর্ণ হয়েছিল কোন সুরার আয়াত? ক) সুরা ফাতিহা খ) সুরা বাকারা গ) সুরা আলাক ঘ) সুরা নাবা

১৫) প্রধান ওহি লেখক সাহাবি কে ছিলেন?

ক) হযরত উসমান (রা) খ) হযরত আলি (রা) গ) হযরত হযায়ফা (রা) ঘ) হযরত যায়েদ ইবনে সাবিত (রা)

১৬) হযরত উসমান (রা) কে কুর'আন পাঠের ভিন্নতা কে জানিয়েছিলেন?

ক) হযরত আলি (রা) খ) হযরত মুয়ায ইবনে যাবাল (রা) গ) হযরত হযায়ফা ইবনে ইয়ামন (রা) ঘ) হযরত সাঈদ (রা)

১৭) হযরত হাফসা (রা) এর পিতার নাম কী?

ক) হযরত আবু বকর (রা) খ) হযরত উমর (রা) গ) হযরত মুয়ায (রা) ঘ) হযরত আলকামা (রা)

১৮) কোন সুরায় কাফির-মুশরিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে?

ক) মাক্কী খ) মাদানী গ) তায়েফি ঘ) শিতায়ী

১৯) ইসলামের সুস্পষ্ট বর্ণনা পাওয়া যায় কোন সুরায়? ক) মাদানী খ) মাক্কী গ) লায়লী ঘ) নাহারী

২০) আল কুর'আন বিধানের জন্য? ক) বিজ্ঞান সংস্থা খ) শব্দকোষ গ) বিশ্বকোষ ঘ) ব্যাকরণ

২১) আপনি কুর'আন আবৃত্তি করুন ধীরে ধীরে ও সুস্পষ্টভাবে। কোন সুরার আয়াত?

ক) সুরা আন নহল খ) সুরা আন নমাল গ) সুরা আল মুদ্দাসসির ঘ) সুরা আল মুযযাম্মিল

২২) সুরা আশ-শামস-এর আয়াত সংখ্যা কত? ক) ১২ টি খ) ১৩ টি গ) ১৪ টি ঘ) ১৫ টি

২৩) আফলাহা-অর্থ কী? ক) সফলকাম হবে খ) সর্বশ্রেষ্ঠ হবে গ) প্রসিদ্ধ হবে ঘ) প্রধান হবে

২৪) সুরা আদ দুহা কততম সুরা? ক) ৯২ খ) ৯৩ গ) ৯৪ ঘ) ৯৫

২৫) লা তানহার-অর্থ কী?

ক) আপনি ধমক দিবেন না খ) আপনি কঠোর হবেন না গ) আপনি ভয় পাবেন না ঘ) আপনি বিচলিত হবেন না ।

২৬) নিশ্চয়ই কষ্টের সাথে স্বস্তি রয়েছে। কোন সুরার আয়াত?

ক) আদ দুহা খ) আল ইনশিরাহ গ) আত তিন ঘ) আল কদর

২৭) আল বালাদু-অর্থ কী? ক) শহর খ) গ্রাম গ) রাস্তা ঘ) পুল

২৮) খাদ্য-এর আরবি প্রতিশব্দ কী? ক) বাহিমাতুন খ) ইনসানুন গ) তা'আমুন ঘ) হাযাতুন

২৯) সনদ কী?

ক) হাদিসের মূলবাণী খ) হাদিসের বর্ণনাকারীদের নামের ধারাবাহিকতা গ) হাদিসের বিশুদ্ধতা ঘ) হাদিসের সংখ্যা

৩০) যে হাদিসের সনদ তাবেঈ পর্যন্ত পৌঁছিয়েছে তাকে বলে?

ক) মারফু হাদিস খ) মাওকুফ হাদিস গ) তাকরিরি হাদিস ঘ) কাওলি হাদিস ।

(সিলেবাস-১ম ও ২য় অধ্যায় সম্পূর্ণ)